



উপজেলা রোগীকল্যাণ সমিতি বাস্তবায়ন কমিটির সভার কার্য বিবরণী : জানুয়ারি- ২০২৪খ্রি: অধিবেশন নং-৩৬

সভাপতি - ডাঃ মোহাম্মদ শাহীন হোসেন চৌধুরী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লংগদু রাংগামাটি পাঃ জেলা।

স্থান :- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, লংগদু, রাংগামাটি পাঃ জেলা।

সভার তারিখ:- /০১/২০২৪ খ্রি: , সময় - সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের পরিশিষ্ট- “ক” তে সন্নিবেশিত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন, সভাপতি মহোদয় কমিটির সদস্য সচিব এবং উপজেলা সমাজ সেবা কর্মকর্তা (অঃদাঃ)কে বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনানোর জন্য অনুরোধ জানালে তিনি তা পাঠ করে শুনান তাতে কোন সংশোধনী না থাকায় দৃষ্টি করন করা হয় অতঃপর বিস্তারিত আলোচনা আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তবলী গৃহিত হয়।

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	<p>রোগীকল্যাণ সমিতির চিকিৎসা সহায়তা:-</p> <p>উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ) সভায় জানান যে, চলতি বছরের নভেম্বর/২৩, ডিসেম্বর/২৩ এবং জানুয়ারি/২০২৪ মাসে উপজেলাস্থ লংগদু স্বাস্থ্য কমপ্লেক্স রোগীকল্যাণ সমিতি বরাবরে হাসপাতালে ভর্তিকৃত ১২ (বারজন) বিভিন্ন রোগে আক্রান্ত গরীব, অসহায় রোগীগণ কর্তবরত মেডিকেল অফিসারের মাধ্যমে ঔষধ ক্রয় বাবদ অনুদান পাওয়ার আবেদন করেন। প্রাপ্ত আবেদন গুলো আবাসিক মেডিকেল অফিসার মহোদয়ের মাধ্যমে যাচাই-বাছাই করে হাসপাতালে সরবরাহ নেই এমন ঔষধ ক্রয়ের মাধ্যমে আবেদনকারীদের নামে ভিন্ন ভিন্ন অংকে ১২ জনের মাঝে ৩০৬৪৫ (ত্রিশ হাজার ছয়শত পঁচাত্তর) টাকার ঔষধ ক্রয়ের মাধ্যমে চিকিৎসা সহায়তা দেওয়া হয়। ক্রয়কৃত ঔষধের অর্থ পরিশোধ করার নিমিত্ত ৩০০০০/- (ত্রিশ হাজার) টাকার চেক নং- ৩২৪১৩৬৭ প্রস্তুত করে অদ্যকার সভায় উপস্থাপন করা হলো। এবং উক্ত ব্যাংক হিসাব থেকে উত্তোলিত অর্থ হতে নয়জন রোগীর মাঝে ৩০৬৪৫/- টাকার ঔষধ ক্রয় করে বিল বাবদ বিতরণ করার এবং বাকি অবিতরনকৃত অর্থ হাতে জমা রাখার রোগী পাওয়া মাত্রই যেন অনুদান দেওয়া নিমিত্ত সভায় উপস্থাপন করা হলো।</p> <p>পূর্বের সহ হাতে জমাসহ মোট অর্থ = (৩০০০০+৫৩১৯)=৩৫৩১৯/- টাকা বিতরণ (৩৫৩১৯-৩০৬৪৫)= ৪৬৭৪ টাকা। হাতে জমা থাকবে= ৪৬৭৪/- (চার হাজার ছয়শত চুয়াত্তর) টাকা, জমাকৃত অর্থ রোগী পাওয়া মাত্রই অনুদান বিতরণ করা হবে।</p> <p>বিতরণকৃত তালিকা পরিশিষ্ট-“খ” তে সন্নিবেশিত</p>	<p>রোগীকল্যাণ সমিতির চিকিৎসা সহায়তা:-</p> <p>বর্তমান মাসে বিভিন্ন রোগে আক্রান্ত ১২ (বারজন) উপজেলা হাসপাতালে ভর্তিকৃত গরীব রোগীর মাঝে ভিন্ন ভিন্ন অংকে ৩০৬৪৫/- (ত্রিশ হাজার ছয়শত পঁচাত্তর) টাকার ঔষধ ক্রয় করে ক্রয় বাবদ বিতরণ করা হয়। এবং উপজেলা রোগীকল্যাণ সমিতির ব্যাংক হিসাবে জমাকৃত অবশিষ্ট অর্থ অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স লংগদুতে ভর্তিকৃত গরীব, অসহায় দুঃস্থ, রোগীদের চিকিৎসা সহায়তা, রক্তক্রয়, মৃতব্যক্তির সংকার, ইত্যাদি রোগীদের আবেদন পাওয়া গেলে এবং প্রচার প্রচারনার মাধ্যমে সাধারণ জনগণের মাঝে চড়িয়ে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা যত সম্ভব সেহজীকরণ করে সাহায্য সহযোগীতা করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন এবং হাতে জমাকৃত ৪৬৭৪ টাকা হতে রোগীদের মাঝে বিতরণে জন্য উপস্থাপনকৃত চেক অনুমোদনসহ বিতরণ করা জন্য উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ) কে দায়িত্ব প্রদানের সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	উপজেলা সমাজ সেবা অফিসার (অঃদাঃ), উপজেলা সমাজসেবা কার্যালয়, লংগদু, রাংগামাটি পার্বত্য জেলা।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.০১.২৪

ডাঃ মোহাম্মদ শাহীন হোসেন চৌধুরী

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

ও

সভাপতি

উপজেলা রোগীকল্যাণ সমিতি বাস্তবায়ন কমিটি

লংগদু, রাংগামাটি পাঃ জেলা